দৈনিক ইত্তেফাক

তারিখ 08 FEB 1998
পৃষ্ঠা 2 কলাম 5

## প্রথম দিনেই বইমেলা উৎসবমুখর ॥ প্রধানমন্ত্রী কিনিলেন ১৭ খানা বই

**রেজানুর রহমান** ॥ গতকাল (শনিবার) বই মেলার প্রথম দিনটি ছিল উৎসবমুখর। বিশেষ করিয়া উদ্বোধনী অনুষ্ঠানটি শ্রোতা-দর্শকদের উচ্ছ্বলতায় (১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## প্রথম দিনেই বই মেলা

(প্রথম পৃষ্ঠার পর)

মুখরিত হইয়া উঠে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বই মেলা উদ্বোধনের পর বিভিন্ন স্টল পরিদর্শন করেন। একজন সাধারণ ক্রেতার মত তিনি বাংলা একাডেমীর স্টল হইতে বই কিনিয়াছেন।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তাঁহার বক্তৃতায় আক্ষেপ করিয়া বলিয়াছিলেন, বই আমার অবসরের সঙ্গী। ইচ্ছা করে আগের মত স্বাধীনভাবে মেলায় ঘুরিয়া বেড়াই। বই কিনি। মেলার উদ্বোধনী পর্ব শেষে প্রধানমন্ত্রী একুশে ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ইহার পর ঢুকিয়া পড়েন বাংলা একাডেমীর বিক্রয় কেন্দ্রে। একটার পর একটা বই হাতে নিয়া নাড়িয়া-চাড়িয়া দেখিতেছিলেন। দেশের প্রকাশনা শিল্পের বর্তমান অবস্থা নিয়া মত বিনিময় করিতেছিলেন। পাঠ্যপুস্তক প্রকাশের প্রতি একাডেমীকে আন্তরিক হওয়ার পরামর্শ দিলেন। পকেট ডিকশনারী খুঁজিলেন। পাওয়া গেল না। বইটির মুদ্রণ শেষ হইয়া গিয়াছে। এক পর্যায়ে তিনি একাডেমী হইতে প্রকাশিত ১৭খানা বই কিনিলেন। বইগুলি যথাক্রমে বাংলা-ইংরেজী অভিধান, ইংলিশ-বেঙ্গলী অভিধান, আনোয়ার পাশা রচনাবলী (প্রথম ও তৃতীয় খন্ড), সমকালীন বাংলা ভাষার অভিধান, সংক্ষিপ্ত বাংলা অভিধান, রবীন্দ্রকাব্যে প্রবচন, বাংলাদেশের গারো সম্প্রদায়, দি মুসলমান পত্রিকায় রোকেয়া, বাংলা একাডেমী পুথি পরিচয়, হিরোডিটাসের ইতিবৃত্ত, কোরআন সূত্র, ঢাকা-৭১, স্কুলে মাতৃভাষা শিক্ষণ, প্রশাসনিক পরিভাষা, আঞ্চলিক ভাষার অভিধান ও বাংলা একাডেমীর ইতিহাস। বইগুলির সর্বমোট দাম ছিল দুই হাজার ৪৭০ টাকা। প্রধানমন্ত্রী যেহেতু বাংলা একাডেমীর সদস্য সেইহেতু তাঁহাকে শতকরা ৫০ ভাগ কমিশন দেওয়া হইয়াছে। বই কেনার এক ফাঁকে প্রধানমন্ত্রী একটি কবিতার বই হাতে নিয়া পার্শ্বে দন্ডায়মান কবি শামসুর রাহমানকে বলিলেন-"কবিকে কবিতা শোনাই'। ইহার পর তিনি কবিতা আবৃত্তি করিলেন। বাংলা একাডেমীর বিক্রয় কেন্দ্র হইতে বাহির হইয়া প্রধানমন্ত্রী মুক্তিযুদ্ধ জাদুঘর ও বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের স্টলসহ বেশ কয়েকটি স্টল পরিদর্শন করেন। মেলার প্রথম দিনেই গতকাল প্রচুর দর্শক সমাগম হয়। অবাঞ্ছিত ধুলা ছাড়া পরিবেশ ছিল ছিমছাম সুন্দর। অনেকেই বই কিনিয়াছেন। লেখককুঞ্জে নবীন লেখকরা ভিড় করে। তবে কুঞ্জের সাজসজ্জা এখনও শেষ হয় নাই। গতকাল মেলা শুরু হইয়াছে। অথচ বেশ কয়েকটি স্টলের নির্মাণ কাজ চলিতেছিল। বাংলা একাডেমীর তথ্যকেন্দ্র খোলা থাকিলেও কোন কর্মকর্তা উপস্থিত ছিল না। জানা গেল, 'মাইক' সমস্যার কারণে তথ্যকেন্দ্রের কাজ গতকাল শুরু করা যায় নাই। বাংলা একাডেমীর তরুণ লেখক প্রকল্প হইতে ১৩৯টি নূতন বই প্রকাশিত হইয়াছে। কথা ছিল তরুণ লেখক প্রকল্পের জন্য পৃথক স্টল থাকিবে। কিন্তু গতকাল পর্যন্ত এই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয় নাই। একাডেমীর সম্মুখে দেওয়াল জুড়িয়া আকর্ষণীয় মুর্যাল নির্মাণের কাজ হাতে নেওয়া হইয়াছে। বলা হইতেছে, ইহা মেলার একটি অন্যতম আকর্ষণ হইয়া উঠিবে। অথচ মুর্যালের নির্মাণ কাজ বন্ধ রাখা হইয়াছে। অর্থ সংকটই নাকি ইহার প্রধান কারণ। বইমেলা উপলক্ষে অনেক নূতন বই প্রকাশিত হইয়াছে।